মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট
কার্যালয় ঃ আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট।
Web: www.sylhetboard.gov.bd, email-Chairmanbisesyl@gmail.com

স্মারক নং ঃ সিশিবো/প্রশা-২৪/২০০৪/১০৫৭

তারিখ ঃ ০৩ আশ্বিন ১৪২৬ বঙ্গাব্দ
১৮ সেপ্টেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

# আইন উপদেষ্টা ও প্যানেল আইনজীবী
## নিয়োগ বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট এর জন্য একজন আইন উপদেষ্টা ও একজন প্যানেল আইনজীবী চুক্তিভিত্তিক ০২ (দুই) বছর মেয়াদে নিয়োগ দেয়া হবে। আগ্রহী আইনজীবীদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত ও বর্ণনা মোতাবেক দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

১. আইনজীবী হিসেবে দেওয়ানী আদালতে মামলা পরিচালনার কাজে ন্যূনতম ১০(দশ) বছরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে।
২. অবসর প্রাপ্ত জেলা জজ যাঁরা আইন পেশায় কর্মরত আছেন তাঁরা আইন উপদেষ্টা নিয়োগ বা প্যানেলভুক্ত আইনজীবী জন্য আবেদন করতে পারবেন।
৩. প্রার্থীদের অবশ্যই বাংলাদেশী নাগরিক হতে হবে।
৪. আইন উপদেষ্টা হিসেবে নিয়োগ প্রাপ্তির পর প্রতিমাসে রিটেইনার ফি হিসেবে ৩,০০০/-(তিন হাজার) টাকা পাবেন এবং আদালতে মোকদ্দমা দায়ের ও পরিচালনার জন্য অত্র শিক্ষা বোর্ডের নির্ধারিত হারে ফি প্রদান করা হবে।

আগ্রহী প্রার্থীদের আবেদনপত্রে নাম, পিতা/স্বামীর নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার বিবরণ উল্লেখপূর্বক "সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট" এর অনুকূলে সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে ৫০০/-(পাঁচশত) টাকার পে-অর্ডার/ ডিডি আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে। প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয় পত্র,শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ,সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি এবং মোবাইল নম্বরসহ আবেদন আগামী ৩০/০৯/২০১৯ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে জমা দিতে হবে। খামের উপর "আইন উপদেষ্টা/প্যানেল আইনজীবী পদের জন্য আবেদনপত্র" লিখতে হবে। উল্লেখ্য, ৩০/০৯/২০১৯ তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

(মোঃ মোস্তফা কামাল আহমদ)
সচিব
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।
ফোন ঃ ০৮২১-৮৪০০৬১